দৈনিক খবর

তারিখ ... 03 NOV 1991 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6 ...

49

# সন্ধ্যার পর ক্যাম্পাসে নামে ভূতুরে নীরবতা

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

গত শুক্রবার রাতে দু'দফায় ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় সাত রাউন্ড ফাঁকা গুলী হয়েছে। তবে এতে কোন হতাহতের খবর পাওয়া যায়নি। এখন বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সন্ধ্যার পর ভূতুরে নীরবতা নেমে আসে।

ঐ দিন রাত সাড়ে আটটার দিকে

শেষ পৃষ্ঠায় ৬ষ্ঠ কলামে

## সন্ধ্যার পর

প্রথম পৃষ্ঠার পর

জসীম উদ্দিন হল এলাকায় ৩ রাউন্ড ও গভীর রাতে জগন্নাথ হল এলাকায় চার রাউন্ড গুলীবর্ষণের ঘটনা ঘটেছে।

বিশ্ববিদ্যালয়ের উত্তর পাড়া নামে খ্যাত মোহসীন, সূর্যসেন, জসীমউদ্দিন, জিয়া ও বঙ্গবন্ধু হল এলাকায় ছাত্রদলের কর্মীরা অবস্থান করছে এবং দক্ষিণ পাড়া জহুরুল হক, এস এম হল ও জগন্নাথ হলে ছাত্রলীগের কর্মীদের অবস্থান। তবে গতকাল রাতে কারা এ গুলীবর্ষণ করেছে এ সম্বন্ধে নির্দিষ্ট কিছু জানা যায়নি। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ক্লাস ও পরীক্ষাসমূহ স্থগিত ঘোষণা করার কারণে সাধারণ ছাত্র-ছাত্রীদের অনেকেই হল ছেড়ে চলে গেছে। সকালে ও দুপুরে মধুর কেন্টিন এলাকায় নেতৃবৃন্দের আনাগোনা খুবই কম।

অপরদিকে ছাত্রলীগের কার্যক্রম স্থগিত ঘোষণা করার পর ক্যাম্পাসে ছাত্রলীগ কর্মীদেরও দেখা যায় না।

সন্ধ্যার পরে বিশ্ববিদ্যালয় এলাকায় ভূতুরে নীরবতা বিরাজ করে। নিরাপত্তার কারণে সবাই সন্ধ্যার পর পরই যে যার নির্দিষ্ট আবাসে ফিরে যায়।

গতকাল সারাদিন ক্যাম্পাসে নিরাপত্তা বাহিনীর টহল বেশী জোরদার ছিল। মধুর কেন্টিন, ডাকসু ভবন, টিএসসি, রোকেয়া হলের সামনে, ভিসির বাড়ীর সামনে, জহুরুল হক হল ও এ এফ রহমান হল এলাকায় প্রচুর পুলিশী টহল অব্যাহত ছিল।

অপরদিকে বিশ্ববিদ্যালয়ের সবগুলো প্রবেশ দ্বারে পুলিশী ব্যবস্থা সারাদিন জোরদার থাকলেও রাতে এ ব্যবস্থা শিথিল করা হয়।